



রামকৃষ্ণ মিশন কলিকাতা বিদ্যার্থী আশ্রম

বেলঘরিয়া, কলকাতা-৭০০ ০৫৬

ফোন : ২৮৭৪-১৪৭৩/৭৪, ২৫৪১-১৫৬৪

নিয়মাবলী

- ১। রামকৃষ্ণ মিশন কলিকাতা বিদ্যার্থী আশ্রম ছাত্রদের প্রাচীনকালের আশ্রম-জীবনযাপনের আধুনিক সংস্করণ।
- ২। আশ্রমের নিজস্ব কোন স্কুল বা কলেজ নাই। আবেদনকারী ছাত্র মনোনীত হইলে আশ্রমের ছাত্রাবাসে থাকিয়া এখানকার অনুমোদিত কোন স্কুল বা কলেজে পড়াশোনা করিতে পারিবে।
- ৩। স্কুল বা কলেজে ভর্তির ব্যবস্থা ছাত্রের অভিভাবককেই করিতে হয়।
- ৪। বর্তমান শিক্ষাবর্ষের ছাত্ররাই (উচ্চমাধ্যমিক/স্নাতক) কেবলমাত্র আবেদন করিতে পারিবে।
- ৫। এই আশ্রমে অবস্থানকালে সকল ছাত্রকেই এখানকার কর্তৃপক্ষের অভিভাবকতায় থাকিতে হয় এবং এই আশ্রমে যে সকল বিশেষ শিক্ষার (শারীরিক, মানসিক ও নৈতিক) ব্যবস্থা আছে তাহা গ্রহণ করিতে হয়। এই বিষয়ে কোন ছাত্রের বিশেষ শৈথিল্য লক্ষিত হইলে তাহাকে অবিলম্বে আশ্রম ত্যাগ করিতে হয়।
- ৬। আহার ও বাসস্থান সম্বন্ধে সকল বিদ্যার্থীকেই এখানকার সাধারণ ব্যবস্থানুযায়ী চলিতে হয়। অসুস্থ হইলে এখানকার চিকিৎসকের নির্দেশ অনুযায়ী বিশেষ ব্যবস্থা করা হয়।
- ৭। স্নাতক স্তরের ছাত্রদের জয়েন্ট এন্ট্রাস জাতীয় পরীক্ষা দেওয়া চলিবে না।
- ৮। এখানে থাকিতে হইলে বাহিরে কোন প্রাইভেট টুইশন লওয়া যাইবে না।
- ৯। আশ্রমের ছাত্ররা নিজেদের কাছে মোবাইল ফোন রাখিতে পারিবে না।
- ১০। কলেজের সময় ব্যতীত অন্যসময়ে আশ্রম সীমানার বাহিরে যাইতে হইলে আশ্রম কর্তৃপক্ষের অনুমতি লইতে হইবে।
- ১১। বিদ্যার্থী আশ্রমের সমস্ত ছাত্রকেই তাহাদের সর্বাঙ্গীন উন্নতির জন্য পূজা ও গ্রীষ্মের ছুটির কিয়দংশ এই আশ্রমেই কাটাইতে হয়।
- ১২। পূজা ও গ্রীষ্মের ছুটি ব্যতীত অপর সময়ে আশ্রম হইতে অনুপস্থিত হইতে হইলে অভিভাবকের পত্র দেখাইতে হয়।
- ১৩। যদি বিদ্যার্থী আশ্রমে ভর্তি হইবার পরে কোন ছাত্রের লিখিত বিবরণের কোন অংশ মিথ্যা প্রমাণিত হয় তাহা হইলে ঐ ছাত্রকে অবিলম্বে আশ্রম ত্যাগ করিতে হইবে।
- ১৪। ভর্তির সময় ছাত্রকে অ্যাডমিশন চার্জ হিসাবে টাকা, Caution Money টাকা এবং (প্রতি মাসের মাসিক চার্জ টাকা হিসাবে) দুই মাসের মাসিক চার্জ এক সঙ্গে দিতে হইবে অর্থাৎ মোট টাকা।
- ১৫। মনোনীত ছাত্রকে ভর্তির পর নিম্নলিখিত দ্রব্যসকল অবশ্যই আনিতে হইবে :
original মার্কসীট, এডমিট কার্ড, সমস্ত সার্টিফিকেট ইত্যাদি, বিছানা (শতরঞ্চি, তোশক, চাদর, বালিশ, মশারি), ধুতি, উত্তরীয়, সাদা পাঞ্জাবী, গ্লাস, বালতি, ছোট থালা, বাটি ও নিজের নিত্য প্রয়োজনীয় জিনিষপত্র।
- ১৬। মাসের প্রথম সপ্তাহের মধ্যেই প্রতি মাসের মাসিক চার্জ জমা দিতে হয়।
- ১৭। আশ্রমের আর্থিক সাহায্যপ্রাপ্ত ছাত্রদের যে কোন প্রকার স্টাইপেণ্ড বা বৃত্তি পাইলে উহা আশ্রমে জমা দিতে হয়।



রামকৃষ্ণ মিশন কলিকাতা বিদ্যার্থী আশ্রম

এখানে দরিদ্র ও
মেধাবী আবাসিক
ছাত্রদের জন্য
যথাসাধ্য আর্থিক
সাহায্যের
ব্যবস্থা আছে।

বেলঘরিয়া * কলকাতা-৭০০ ০৫৬
ফোন : ২৫৪১-১৫৬৪ • ২৮৭৪-১৪৭৩/৭৪

ফটো

আবেদন পত্র

(আবেদনকারীকে নিজহস্তে পূরণ করিতে হইবে)

ফর্ম নং : _____

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : _____

তারিখ : _____

- ১। ছাত্রের নাম : _____
- ২। পিতা/অভিভাবকের নাম : _____
- ৩। বাড়ীর ঠিকানা : _____
(পিন কোড ও ফোন নং সহ) _____
- ৪। স্থানীয় ঠিকানা : _____
(পিন কোড ও ফোন নং সহ) _____
- ক) কলিকাতার কাছাকাছি তোমার
আত্মীয়স্বজন কে আছেন? : _____
- ৫। কোন স্কুল থেকে মাধ্যমিক/
উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়াছ? : _____
- ৬। কোথায় (বাড়িতে/ছাত্রাবাসে) থাকিতে? : _____
- ৭। বাড়িতে বা ছাত্রাবাসে তোমার থাকা-খাওয়া-
পড়াশোনার জন্য মাসিক কত খরচ হইত? : _____
- ৮। মাধ্যমিক/উচ্চমাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর : _____
- ৯। এখন তুমি কি পড়িতে চাও? : _____
- ১০। তফসীলভুক্ত কিনা (জাতি, বর্ণ উল্লেখ্য) : _____
- ১১। বয়স : (ক) প্রকৃত জন্মতারিখ _____ (খ) এডমিট কার্ড অনুযায়ী _____
- ১২। শরীরের মাপ : বুকের ছাতি _____ উচ্চতা _____ ওজন _____
- ১৩। তোমার বা তোমার পিতামাতার কোন
স্থায়ী পুরাতন অসুখ আছে কিনা?
(ডাক্তারের সার্টিফিকেট সহ) : _____

- ১৪। পিতা/অভিভাবক যে কোন চাকরি করলে : _____
তার আয় (সার্টিফিকেট সহ)
- ১৫। চাকুরী ব্যতীত অন্য কোন সূত্র থেকে : _____
আয়ের পরিমাণ ও বিস্তারিত বিবরণ
- ১৬। পরিবারের মোট কতজন তোমার পিতা/ : _____
অভিভাবকের আয়ের উপর নির্ভরশীল?
- ১৭। পরিবারের কেউ বিদ্যার্থী আশ্রমের প্রাক্তন : _____
ছাত্র ছিলেন কি? (নাম, সম্পর্ক সহ)
- ১৮। ভবিষ্যতে তুমি কি করিতে চাও এবং কেন? : _____
- ১৯। পরিবারের বাৎসরিক ব্যয়ের : _____
আনুমানিক পরিমাণ
- ২০। বাড়ীতে ক'খানা কিরূপ ঘর আছে? : _____
- ২১। কোন পারিবারিক ঋণ আছে কি? : _____
থাকলে কোন বাবদ এবং কত পরিমাণ?

আমি বিদ্যার্থী আশ্রমের আদর্শে যথার্থ শিক্ষালাভের জন্য আন্তরিকভাবে চেষ্টা করিব এবং বিদ্যার্থী আশ্রমে থাকাকালীন সকল নিয়মাবলী মানিয়া চলিব।

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনকারী শ্রীমান আমার। শ্রীমানকে এই আশ্রমে রাখার জন্য আমি আগ্রহী; মনোনীত হইলে তাহার আহার ও বাসস্থানের জন্য আশ্রম-নির্ধারিত টাকা আমি প্রতিমাসের প্রথম সপ্তাহেই দিয়া দিব এবং শ্রীমান যাতে সকল নিয়মাবলী মানিয়া চলে সেই ব্যাপারে সজাগ থাকিব।

অভিভাবকের স্বাক্ষর

আবেদন পত্রের সহিত নিম্নলিখিত প্রমাণপত্রগুলির প্রত্যয়িত (attested) কপি দেওয়া হল। (পাশের ঘরে ✓ চিহ্ন দাও)

১. মার্কসীট (মাধ্যমিক/উচ্চমাধ্যমিক)		৫. আয়ের তালিকা	
২. এডমিট কার্ড		৬. তফসিলী জাতি/উপজাতি সার্টিফিকেট	
৩. প্রধান শিক্ষকের/অধ্যক্ষের সার্টিফিকেট		৭. ফটো ২ কপি	
৪. কোন বিশিষ্ট ব্যক্তি কর্তৃক আর্থিক সঙ্গতি সম্পর্কিত সার্টিফিকেট		৮. মেডিক্যাল সার্টিফিকেট	

ফর্মের দাম : ৫০.০০ টাকা

এডমিট কার্ড

শ্রী _____ ফর্ম নং _____

অ্যাডমিশন টেস্ট তাং _____ সময় _____

(অ্যাডমিশন টেস্টের সময় সকল মূল সার্টিফিকেট, মার্কসীট, এডমিট কার্ড ইত্যাদি আনিতে হইবে)

সেফ্রেটারী